দৈনিক ইনকিলাব

তারিখ ... ৩/৭/৮৮...
পৃষ্ঠা... ১ ...... কলাম ..৬...

# স্কুলের পাঠ্যসূচীতে মাদকাসক্তির অশুভ প্রতিক্রিয়া সম্পর্কে তথ্য থাকতে হবেঃ রাষ্ট্রপতি

048

'কচি কণ্ঠের আসর'-এর ৬ সদস্যের একটি প্রতিনিধি দল সংগঠনের সভাপতি ডঃ মিজানুর রহমান শেলীর নেতৃত্বে গতকাল শনিবার রাষ্ট্রপতি এরশাদের সাথে রাষ্ট্রপতির সচিবালয়ে দেখা করেন। তারা রাষ্ট্রপতিকে সংগঠনের সাংগঠনিক বিষয়াবলী ও কার্যাবলী সম্পর্কে অবহিত করেন। রাষ্ট্রপতি এরশাদ এই সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক। খবর বাসস'র।

রাষ্ট্রপতি ধৈর্যসহকারে তাদের কথা শোনেন এবং সংগঠনের কার্যক্রমকে আরো জোরদার করে তোলার ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতাদানের আশ্বাস দেন। তিনি বলেন, দেশব্যাপী শিশুদের সার্বিক কল্যাণের ক্ষেত্রে এই সংগঠন একটি অগ্রণী ভূমিকা পালন করতে পারে।

আলোচনাকালে রাষ্ট্রপতি তরুণ সমাজের মাঝে মাদকাসক্তির সমস্যাবলীর

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## স্কুলের পাঠ্যসূচীতে

প্রথম পৃষ্ঠার পর

উল্লেখ করে বলেন, মাদকাসক্তির ভয়াবহ পরিণতি সম্পর্কে সতর্ক করে তুলতে স্কুলের পাঠ্যসূচীতে মাদকদ্রব্যের বিভিন্ন খারাপ প্রতিক্রিয়া সংক্রান্ত তথ্য সংযোজিত করা উচিৎ।

তিনি বলেন, অভিভাবকদের এইসব তথ্যাবলী সংগ্রহ করা উচিৎ যাতে করে তারা মাদকাসক্তির লক্ষণসমূহ সম্পর্কে জানতে পারেন এবং তাদের শিশুদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাবলী গ্রহণ করতে পারেন। এ প্রসঙ্গে তিনি মাদকাসক্ত তরুণদের চিকিৎসার জন্য নগরীর তেজগাঁও এলাকায় প্রস্তাবিত হাসপাতালের কথা উল্লেখ করেন। সংগঠনের প্রধান উপদেষ্টা স্পীকার শামসুল হুদা চৌধুরীও এ সময় সেখানে উপস্থিত ছিলেন।